গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রকৌশলী ও জাহাজ জরিপকারকের কার্যালয়**

সদরঘাট টার্মিনাল ভবন (২য় তলা)

ঢাকা-১১০০।

এসএস/ঢা/০৭/০৪/ — MODIFIED CIRCULAR — তারিখঃ ২৮.০৮.২০০৭ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা নৌযানের মালিকানা পরিবর্তনের নিমিত্তে নৌযান মালিকদের দৃষ্টি আকর্ষন করে জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয় হতে সহজে ...ত মালিকানা পরিবর্তন হেতু রেজিষ্ট্রেশন সংশোধনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে নৌযানের রেজিষ্ট্রেশন পরিবর্তনের জন্য ...রকারী বরাবর আবেদনের সাথে নিম্নলিখিত তথ্যাদি এবং ডকুমেন্ট জমা প্রদান করতে হবে।

**...তা-এর জন্য প্রযোজ্য ঃ**

- আই.এস.ও ১৯৭৬ এর ৩০ ধারা মোতাবেক বিক্রয় সংশ্লিষ্ট নৌযানটির রেজিষ্ট্রেশন সার্টিফিকেটের মেয়াদ ইতিমধ্যেই ৩০ (ত্রিশ) বৎসর অতিক্রান্ত (**রূপান্তরিত নির্মাণকাল নয়, সর্বপ্রথম নির্মাণ সাল ধরতে হবে**) হয়েছে কি না ? হলে স্পেশাল ড্রাই ডকিং সার্ভে রিপোর্ট এবং সাম্প্রতিক সময়ের হাল গেজিং রিপোর্ট প্রয়োজন।
- সমুদ্র পরিবহণ অধিদপ্তর, ঢাকা কর্তৃক প্রদত্ত ক্রয়-বিক্রয়কৃত নৌযানের বিপরীতে **নৌ-আদালতে** মামলা আছে কিনা সে সংক্রান্ত **মেরিন কোর্টের** মামলা-মোকদ্দমা সংক্রান্ত **অনাপত্তি ছাড়পত্র।**
- বিক্রেতার কোম্পানীর প্যাডে বিক্রয় সংক্রান্ত হস্তান্তর ফরম "গ" ("সি" ফরম) স্বাক্ষর গ্রহনের জন্য আবেদন পত্র।
- প্রত্যেক বিক্রেতার সাম্প্রতিক সময়ের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি এবং জাতীয়তার প্রত্যয়ন পত্র (নাগরিকত্ব সনদ পত্র)।
- **সর্বশেষ জারীকৃত মুল রেজিষ্ট্রেশন সার্টিফিকেট** [সার্টিফিকেট না পাওয়া বা হারানো গেলে (ক) কোম্পানী প্যাডে দাখিলকৃত থানার সাধারণ ডায়েরী (জি.ডি)'র মূল কপি (খ) ১,৩৭৫/- টাকার সরকারী ডুপ্লিকেট রেজিষ্ট্রেশন ফি জমা এবং ঢাকা ট্রেজারী থেকে সত্যতা যাচাইকৃত উক্ত মূল ট্রেজারী চালানের মূল কপি (সিটিআর) (কোড নং-১/৫২৩৪/০০০১/১৮২১) এবং (গ) দৈনিক পত্রিকায় প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির মূল কপি।
- হালনাগাদ সার্ভে সনদের সত্যায়িত ফটোকপি।
- হালনাগাদ কনজারভেন্সী ছাড়পত্র এবং হালনাগাদ আয়কর ছাড়পত্রের সত্যায়িত কপি।
- হালনাগাদ নৌ-দুর্যোগ যাত্রী কল্যাণ ট্রাস্ট ফান্ডের চাঁদা প্রদানের ছাড় পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- বিক্রয় সম্পর্কিত বোর্ড রেজুলেশন প্রত্যয়ন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

১০। ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকলে সংশ্লিষ্ট ব্যাংকের মুদ্রিত প্যাডে দায়মুক্ত হবার ছাড়পত্র এবং অথরাইজেশন লেটার ও নামের সীলমোহর সহকারে সংশ্লিষ্ট ব্যাংকের একজন অফিসার-কে অত্র কার্যালয়ে উপস্থিত হয়ে হস্তান্তর ফরম "গ" ("সি" ফরম) -এ স্বাক্ষর প্রদান করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

**ক্রেতা-এর জন্য প্রযোজ্য ঃ**

১। ক্রেতার কোম্পানীর প্যাডে ক্রয় সংক্রান্ত এবং নতুন নামজারীর জন্য আবেদন পত্র।

২। প্রত্যেক ক্রেতার জাতীয়তার প্রত্যয়ন পত্র (নাগরিকত্ব সনদ পত্র) এবং প্রত্যেক ক্রেতার সাম্প্রতিক সময়ের ০২(দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

৩। মালিকানা পরিবর্তন সংক্রান্ত সরকারী রেজিষ্ট্রেশন ফি জমা (গ্রস টনেজ অনুযায়ী) এবং ঢাকা ট্রেজারী থেকে সত্যতা যাচাইকৃত উক্ত ট্রেজারী চালানের মূল কপি (সিটিআর) কোড নং- ১/৫২৩৪/০০০১/১৮২১।

৪। নৌযানের নাম পরিবর্তন সংক্রান্ত সরকারী রেজিষ্ট্রেশন ফি জমা (গ্রস টনেজ অনুযায়ী) এবং ঢাকা ট্রেজারী থেকে সত্যতা যাচাইকৃত উক্ত ট্রেজারী চালানের মূল কপি (সিটিআর) কোড নং- ১/৫২৩৪/০০০১/১৮২১।

৫। দখল স্বত্ত হস্তান্তর যাচাই-এর নিমিত্তে সরেজমিনে সার্ভে-র প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করতে হবে।

৬। নৌযানের পুরনো নাম পরিবর্তনের জন্য সমুদ্র পরিবহণ অধিদপ্তর, ঢাকা কর্তৃক প্রদত্ত **"নাম পরিবর্তনের অনাপত্তি ছাড়পত্র"।**

৭। সমুদ্র পরিবহণ অধিদপ্তর, ঢাকার নির্দেশনা মোতাবেক নৌযানের রেজিষ্ট্রেশন নম্বর ওয়েল্ডিং / খোদাই করে (নির্ধারিত পরিমাপে) নৌযানের নির্দিষ্ট স্থান সমুহে স্থাপনের প্রমান স্বরূপ ০৪ (চার) কপি রঙ্গীন ছবি দাখিল করতে হবে।

৮। সম্পাদিত ও এফিডেবিটকৃত বিক্রয় হলফ নামার সত্যায়িত কপি।
**(বিক্রয় হলফ নামার / সরকারী ষ্ট্যাম্পের প্রথম পাতায় ক্রেতা-বিক্রেতার উভয় পক্ষের সত্যায়িত রঙ্গিন ছবি থাকতে হবে)।**

৯। **সকল পরিচালক মন্ডলীর স্বাক্ষরকৃত মেমোরেন্ডাম অব আর্টিকেলস অব এসোসিয়েশন বই।** (প্রযোজ্য ক্ষেত্রে)।

১০। সংশোধিত পরিচালক মন্ডলীর তালিকা ফরম-১২ (প্রযোজ্য ক্ষেত্রে)।

১১। ক্রয় সম্পর্কিত বোর্ড রেজুলেশন প্রত্যয়ন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

১২। শেয়ার হস্তান্তর ফরম-১১৭ এর সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

উপরোল্লিখিত তথ্যাদি সহকারে আবেদন করা হলেই অত্র কার্যালয় কর্তৃক যাচাই করা হবে। প্রাপ্ত তথ্যাদি সমূহ যথাযথ হলে [illegible] কে হস্তান্তর ফরম'গ' (সি ফরম) এবং ক্রেতাকে পরিশিষ্ট 'ক' এবং ক(১) ফরম স্বাক্ষরের নিমিত্তে অত্র কার্যালয়ে স্ব-শরীরে উপস্থিত হওয়ার জন্য টাইম সিডিউল দেয়া হবে।

নির্ধারিত টাইম সিডিউল অনুযায়ী অত্র কার্যালয়ে উপস্থিত হয়ে বিক্রেতা এবং ক্রেতা কর্তৃক যথাক্রমে হস্তান্তর ফরম 'গ' [illegible] পরিশিষ্ট ক এবং ক(১) ফরম অভ্যন্তরীণ নৌযান রেজিষ্ট্রার কর্তৃক যাচাই সাপেক্ষে অনুমোদন করা হবে। অনুমোদিত হওয়ার পর [illegible] নৌযান মালিককে অস্থায়ী রেজিষ্ট্রেশন পারমিট প্রদান করা হবে।

সংশ্লিষ্ট নৌ-যানটির মালিকানা হস্তান্তরের বিষয়ে কোন প্রকার আপত্তি-অভিযোগ উত্থাপিত না হলে, অস্থায়ী রেজিষ্ট্রেশন [illegible] তারিখ হতে দুই (০২) মাস পর নতুন মালিকের পুনঃ আবেদনের প্রেক্ষিতে পূর্বে প্রদত্ত মূল অস্থায়ী রেজিষ্ট্রেশন পারমিট-[illegible] [অস্থায়ী মূল রেজিষ্ট্রেশন পারমিট না পাওয়া বা হারানো গেলে (ক) কোম্পানী প্যাডে দাখিলকৃত থানার সাধারণ ডায়েরী (জি.ডি [illegible] ১,৩৭৫/- টাকার সরকারী ডুপ্লিকেট রেজিষ্ট্রেশন ফি জমা এবং ঢাকা ট্রেজারী থেকে সত্যতা যাচাইকৃত উক্ত মূল ট্রেজারী [illegible] (সিটিআর) (কোড নং-১/৫২৩৪/০০০১/১৮২১) এবং (গ) দৈনিক পত্রিকায় প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির মূল কপি] [illegible] সার্টিফিকেট প্রদান করা হবে।

আশাকরি বর্ণিত নিয়ম অনুসরন করে সংশ্লিষ্ট সকলে সহজে নৌযানের রেজিষ্ট্রেশন লাভ করতে পারবেন। আর [illegible] বাস্তবায়নে আপনাদের সহযোগীতা কামনা করা যাচ্ছে।

স্বাক্ষর -

(মোঃ মুঈন উদ্দিন [illegible])

প্রকৌশলী ও [illegible]

এবং

অভ্যন্তরীণ নৌযান [illegible]

ফোন নং- [illegible]


মোবাইল নং-০১৭১৫-৮৯৪৮৪৪

মোবাইল নং-০১৮১৬-৯৩৪৪৮৯।